# উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির অক্টোবর /২০২৫ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণীঃ

ক. সভার তারিখঃ ১৫.১০.২০২৫ খ্রিঃ।
খ. সভার সময়ঃ সকাল ১০:৩০ মিঃ।
গ. সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসার মহদেয়ের অফিস কক্ষ, খানসামা, দিনাজপুর।
ঘ. সভার সভাপতিঃ জনাব মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।

অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর পরিশিষ্ট "ক" তে দেখানো হলাঃ

অদ্য- ১৫.১০.২০২৫ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০.৩০ মি: ঘটিকায় যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত খানসামা উপজেলার স্থায়ী কমিটির এক সাধারন সভা কমিটির সভাপতি জনাব মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর এর সভাপতিত্বে শুরু হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোঃ জমিলউদ্দিন মন্ডল সভাকে জানান তিনি চলতি মাসের ৯ তারিখ এই উপজেলার অতিরিক্ত দায়িত্বে যোগদান করেছেন, তিনি আরো জানান যুব উন্নয়ন অধিদপ্তর, খানসামা উপজেলা কার্যালয়ের মাঠ পর্যায়ের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। ২০২৫-২৫ অর্থ বছরে ১৪ টি ভ্রাম্যমান প্রশিক্ষনের লক্ষমাত্রা রয়েছে। তন্মধ্যে গত ১২ আগষ্ট/২০২৫ জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে ০১টি প্রশিক্ষণ ব্যাচ শুরু হয়ে ইতিমধ্যে সমাপ্ত হয়েছে।চলতি মাসে ০২টি প্রশিক্ষণ ব্যাচ শুরু হবে। ঋণের কার্যক্রমে বলেন চলমান যুব ঋণের আদায়ের হার চলমান-৯০% ,সভায় আরো আলোচনা করেন মোঃ সাজিদ ইসলাম, স্থানীয় যুবক, গোবিন্দপুর খানসামা, দিনাজপুর ও চেয়ারম্যান, ১ নং আলোকঝাড়ী ইউপি, চেয়ারম্যান ২ নং ভেড়ভেড়ী ইউপি প্রমুখ।আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্মের সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত : (০১) গত সভার রেজুলেশন কোন প্রকার সংশোধন ছাড়াই অনুমোদন দেয়া হলো।
(০২)যুব ঋণকার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। খেলাপী টাকা আদায়ে এ ধারাবাহিকতা ধরে রাখতে হবে।
বাস্তবায়নেঃ-উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,খানসামা,দিনাজপুর।

আর কোন আলোচনা না থাকায় অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ ও সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ কামরুজ্জামান সরকার )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক খানসামা উপজেলার স্থায়ী কমিটি
খানসামা, দিনাজপুর।
তারিখ :১৫/১০/২০২৫খ্রি:

স্মারক নং- ৩৪.০১.২৭৬০.০০০.০৬.১৭০.১৫- ১৮৭
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলো:
০১। উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০৩।চেয়ারম্যান, ………………….. ইউপি ,( সদস্য, যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক খানসামা উপজেলার স্থায়ী কমিটি ) খানসামা, দিনাজপুর।
০৪। মহা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। অফিস কপি।

( মোঃ জামিলউদ্দিন মন্ডল )
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক খানসামা উপজেলার স্থায়ী কমিটি
খানসামা, দিনাজপুর।